

২০/০৩/২০২৫ খ্রি : তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী।

উপজেলা : বিকরগাছা, যশোর।
সভাপতি : জনাব ডুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা, যশোর।
তারিখ : ২০/০৩/২০২৫ খ্রি : সময় : সকাল - ১১.০০ টায়।

উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট - ক)

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচীঃ ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী ছাড়াই সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

আলোচ্যসূচীঃ ২। বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প (সেলাই ও এম্বোটারী) তৈরী বিষয়ক প্রশিক্ষণ প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, গ্রামাঞ্চলে বর্তমানে প্রচুর সংখ্যক নারী কাজের অভাবে বেকার রয়েছে। ফলে তারা পরিবার ও সমাজে অবহেলার শিকার হয়। কাজের সুযোগ না থাকার ফলে বেকারত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে বাজারে সেলাই ও এম্বোটারী তৈরী বিভিন্ন হস্ত শিল্পজাত পণ্যের ব্যাপক চাহিদা রয়েছে। সেলাই ও এম্বোটারী প্রক্রিয়াজাতকরণ করে হস্তশিল্প পণ্য উৎপাদন ও বাজারজারকণের মাধ্যমে নারীদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানব সম্পদে পরিণত করা সম্ভব এবং আর্থসামাজিক ভারসাম্য রক্ষা করা সম্ভব। বেকার মহিলারা ঘরে বসে নতুন নতুন হস্তশিল্প পণ্য উৎপাদন করতে পারবে। ফলে বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প (সেলাই ও এম্বোটারী) তৈরী বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।

উক্ত প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে আহবান জানান।

সিদ্ধান্ত : ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প (সেলাই ও এম্বোটারী) তৈরী বিষয়ক প্রশিক্ষণ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রকল্পের নাম :- বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প (সেলাই ও এম্বোটারী) তৈরী বিষয়ক প্রশিক্ষণ।

প্রকল্পের ব্যয় : ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ডুপালী সরকার
প্রশাসক

উপজেলা পরিষদ

ও

উপজেলা নির্বাহী অফিসার

বিকরগাছা, যশোর।

তারিখ : ২০/০৩/২০২৫ খ্রি :

স্মারক নং : ৪৭.৬২.৪১২৩.১০১.১৮.১৪৮.০৮.২৪৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। উপপরিচালক, বিআরডিবি, যশোর।

২। প্রশাসক, উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর।

৩। উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা, যশোর।

৪। চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, বিকরগাছা, যশোর।

৫। উপজেলা প্রকৌশলী, বিকরগাছা, যশোর।

৬। সদস্য (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, বিকরগাছা, যশোর।

৭। অফিস কপি।

(মোঃ মাহমুদুল হাসান)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিকরগাছা, যশোর।

ফোন নং : ০৪২৭৭-৭৬৯২০৮



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
বিকরগাছা, যশোর।

স্থায়ী কমিটির সদস্যদের উপস্থিতির তালিকা।

অধিবেশন নং : ২৬ (ছাব্বিশ)
সময় : সকাল ১১.০০ টা।

তারিখ : ২০/০৩/২০২৫ খ্রিঃ

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর :-

ক্রমিক নম্বর	নাম ও পদবী	সভার পদবী	স্বাক্ষর
০১	প্রশাসক উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর।	সভাপতি	
০২	চেয়ারম্যান/ প্রশাসক বাঁকড়া ইউনিয়ন পরিষদ বিকরগাছা, যশোর।	সদস্য	
০৩	চেয়ারম্যান/ প্রশাসক নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ বিকরগাছা, যশোর।	সদস্য	
০৪	চেয়ারম্যান/ প্রশাসক শংকরপুর ইউনিয়ন পরিষদ বিকরগাছা, যশোর।	সদস্য	
০৫	মোঃ নূরোল ইসলাম উপজেলা সমবায় কর্মকর্তা বিকরগাছা, যশোর।	সদস্য	
০৬	মোঃ মাহমুদুল হাসান উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিকরগাছা, যশোর।	সদস্য-সচিব	